দৈনিক ইনকিলাব

তারিখ 09 NOV 1992
পৃঃ ১ কলাম ৭

27

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্মসূচীর উদ্বোধনীতে প্রধানমন্ত্রী

# গণতন্ত্র ও উন্নয়নের স্বার্থে শিক্ষার আলো ছড়িয়ে দিতে হবে

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, গণতন্ত্র ও উন্নয়নের স্বার্থে শিক্ষার আলো সারাদেশে ছড়িয়ে দিতে হবে।

গত শনিবার বাংলাদেশ টেলিভিশনে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্মসূচী উপলক্ষে এক ভাষণে প্রধানমন্ত্রী বলেন, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার লক্ষ্যই হচ্ছে সবার কাছে সমানভাবে শিক্ষা সুবিধে পৌঁছে দেয়া। এর ফলে নিরক্ষরতার হার কমে যাবে এবং অ-আনুষ্ঠানিক শিক্ষা যথাযোগ্য গুরুত্ব লাভ করবে।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষার আলো ছড়িয়ে দেয়ার ব্যাপারে রেডিও-টেলিভিশন খুবই গুরুত্বপূর্ণ ও কার্যকর ভূমিকা পালন করতে পারে। সরকার শিক্ষার উন্নয়নে এই সংবাদ মাধ্যমকে কাজে লাগাবে। খবর বাসস'র।

তিনি বলেন, সরকারি শিক্ষা প্রসারের জন্য

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## প্রধানমন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

টেলিভিশনে একটি আলাদা চ্যানেল চালু করার কথা চিন্তা করছে।

জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে জনগণকে স্বাগত জানিয়ে বেগম জিয়া বলেন, শনিবার থেকে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্মসূচী সম্প্রচারের ফলে ঘটনাটি আরো স্মরণীয় হয়ে থাকবে।

তিনি বলেন, জাতীয় সংসদ সম্প্রতি উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিল পাস করেছে। ছাত্ররা রেডিও ও টেলিভিশনের মাধ্যমে পড়াশোনা করতে পারবে এবং ডাক বিভাগের সক্রিয় সহযোগিতায় ছাপানো পাঠ্যসূচী পেয়ে যাবে।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য ব্যাখ্যা করে তিনি বলেন, এতে উন্নয়ন ও উৎপাদনমুখী শিক্ষা প্রদান করা হবে। এতে নারী শিক্ষার উপর বিশেষ গুরুত্ব প্রদান করে উচ্চতর শিক্ষার বিধান থাকবে। তিনি বলেন, শ্রমিক শ্রেণী ও অনুন্নতদের শিক্ষা প্রদানের ব্যাপারে বিশেষ যত্ন নেয়া হবে।